

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৮৬৬

আগরতলা, ১৫ সেপ্টেম্বর, ২০২৫

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ১৭ সেপ্টেম্বর সুস্থ নারী,
সশক্ত পরিবার অভিযানের সূচনা করবেন

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি ১৭ সেপ্টেম্বর 'সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযানের সূচনা করবেন। এই অভিযানের অঙ্গ হিসেবে দেশব্যাপী স্বাস্থ্য শিবিরের আয়োজন, ৮ম রাষ্ট্রীয় পোষণ মাসের উদ্বোধন এবং গর্ভবতী মহিলাদের প্রধানমন্ত্রী মাক্র বন্দনা যোজনার অধীনে সুবিধা প্রদান করা হবে। ভারত জুড়ে মহিলা, কিশোরী এবং শিশুদের স্বাস্থ্যসেবা এবং পুষ্টি পরিষেবা জোরদার করার ক্ষেত্রে এটি একটি ঐতিহাসিক পদক্ষেপ। 'সুস্থ নারী, সশক্ত পরিবার অভিযান' ২০৪৭ সালের মধ্যে স্বাস্থ্য, পুষ্টি, সুস্থতা এবং একটি বিকশিত ভারতের প্রধানমন্ত্রীর দৃষ্টিভঙ্গিকে এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে কাজ করছে।

অভিযানটি ১৭ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর পর্যন্ত আয়ুস্মান আরোগ্য মন্দির, কমিউনিটি হেলথ সেন্টার (সিএইচসি), জেলা হাসপাতাল এবং দেশজুড়ে অন্যান্য সরকারি স্বাস্থ্য সুবিধাগুলিতে আয়োজন করা হবে। এক লক্ষেরও বেশি স্বাস্থ্য শিবিরের আয়োজন করা হবে, যা দেশের মহিলা এবং শিশুদের জন্য এখন পর্যন্ত সবচেয়ে বড় স্বাস্থ্যসেবা প্রচারণা। দেশব্যাপী সমস্ত সরকারি স্বাস্থ্য সুবিধাগুলিতে প্রতিদিন স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে।

আগরতলা গভর্নমেন্ট মেডিকেল কলেজ অ্যান্ড জিবিপি হাসপাতাল প্রাঙ্গণে ভিডিও কনফারেন্সের মাধ্যমে দেশব্যাপী উদ্বোধন পর্বের পর এই অভিযান উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। সেইসঙ্গে প্রতিটি জেলাতেও অভিযানের সূচনা হবে।

নারীদের প্রতিরোধমূলক স্বাস্থ্যপরিষেবা শক্তিশালী করতে এই অভিযানের আওতায় রাজ্যজুড়ে স্বাস্থ্যকেন্দ্রগুলোতে দেওয়া হচ্ছে ১২টি স্বাস্থ্য বিষয়ক কর্মসূচি যেমন- গর্ভবতী মহিলাদের স্বাস্থ্য পরীক্ষা ও পরামর্শ ও শিশু স্বাস্থ্য বিষয়ক ও টিকাকরণ কর্মসূচি, বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্য পরিষেবা, অ-সংক্রামক রোগ (NCD) স্ক্রিনিং, মুখ, স্তন ও জরায়ু ক্যানসারের স্ক্রিনিং, রক্তাল্পতা পরীক্ষা ও ঋতুস্রাবের স্বাস্থ্য সচেতনতা, যক্ষ্মা স্ক্রিনিং, মানসিক স্বাস্থ্য সম্পর্কে সচেতনতা, পোষণ কার্যক্রম, সিকেল সেল এনিমিয়া ও রক্তাল্পতা প্রতিরোধে সচেতনতা, আয়ুস্মান ভারত প্রধানমন্ত্রী জন আরোগ্য যোজনা প্রধানমন্ত্রী ডিজিটাল মিশন সংক্রান্ত পরিষেবা, চক্ষু, কান-নাক-গলা ও বয়স্ক সংক্রান্ত স্বাস্থ্য পরিষেবা, ইট রাইট মুভমেন্ট, দেহদান ও রক্তদান শিবির, আয়ুষ পরিষেবা। ১৭ সেপ্টেম্বর থেকে ২ অক্টোবর, ২০২৫ পর্যন্ত রাজ্যে ১৫২টি স্বাস্থ্য শিবির, ৭২৩১টি সচেতনতা শিবির এবং ৪০টি রক্তদান শিবির অনুষ্ঠিত হবে।

১৭ সেপ্টেম্বর রাজ্যভিত্তিক উদ্বোধনী অনুষ্ঠানে জিবিপি হাসপাতালে বিশেষ স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হবে। এখানে ১৪ টি স্বাস্থ্য পরিষেবা নিয়ে স্টল বসানো হচ্ছে। সেই সঙ্গে মেডিসিন, শিশু রোগ ও স্ত্রীরোগ বিভাগের জন্য আলাদা স্টল রাখা হচ্ছে। সেখানে বিশেষজ্ঞ ডাক্তাররা ওপিডি পরিষেবা দেবেন। প্রতিটি জেলায় বিনামূল্যে স্বাস্থ্য শিবিরও অনুষ্ঠিত হবে।

উদ্বোধনী অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত থাকবেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, মুখ্যসচিব জেকে সিনহা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ দফতরের সচিব কিরণ গিত্যে, জাতীয় স্বাস্থ্য মিশনের মিশন অধিকর্তা সাজু ওয়াহিদ এ, স্বাস্থ্য অধিকারের অধিকর্তা প্রফেসর (ডাঃ) তপন মজুমদার, পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক অধিকারের অধিকর্তা ডাঃ অঞ্জন দাস সহ অন্যান্য বিশিষ্টজনেরা। স্বাস্থ্য দপ্তর থেকে এই সংবাদ জানানো হয়েছে।
